# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ দ্বাদশ অধ্যায়- ঈদ ও তার বিভিন্ন আহকাম

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## পায়ে হেঁটে যাওয়া

পায়ে হেঁটে ঈদগাহে যাওয়া মুস্তাহাব। ইবনে উমার ও অন্যান্য সাহাবা y কর্তৃক বর্ণিত যে, মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) পায়ে হেঁটে ঈদগাহে যেতেন এবং পায়ে হেঁটেই বাড়ি ফিরতেন।[1]

আলী (রাঃ) বলেন, ‘একটি সুন্নত হল, পায়ে হেঁটে ঈদগাহ যাওয়া।’[2]

এ ছাড়া সাঈদ বিন মুসাইয়েবের উক্তি পূর্বে উল্লিখিত হয়েছে; তিনি বলেছেন, ‘ঈদুল ফিতরের সুন্নত হল ৩টি; পায়ে হেঁটে ঈদগাহে যাওয়া, যাওয়ার আগে কিছু খাওয়া এবং গোসল করা।’[3] যুহরী বলেন, ‘আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) কখনো জানাযায় অথবা ঈদুল ফিতরে অথবা ঈদুল আযহায় সওয়ার হয়ে যান নি।’[4] ইমাম আহমাদ বলেন, ‘আমরা হেঁটে যাই, আমাদের ঈদগাহ নিকটে। দূরে হলে সওয়ার হয়ে যাওয়ায় দোষ নেই।’[5]

### ফুটনোট

[1] (সহীহ ইবনে মাজাহ, আলবানী ১০৭০, ১০৭১, ১০৭৩নং)

[2] (তিরমিযী ৫৩০, সহীহ ইবনে মাজাহ, আলবানী ১০৭২, বাইহাকী ৩/২৮১)

[3] (ইরওয়াউল গালীল, আলবানী ৩/১০৪)

[4] (ঐ ৩/১০৩)

[5] (আল-মুগনী ২/৩৭৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4143

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন